

সংক্রমণ প্রতিরোধ করতে

- শুধুমাত্র বিশ্বস্ত সঙ্গীর সাথে যৌন সম্পর্ক বজায় রাখুন
- বিশ্বস্ত সঙ্গী ছাড়া অন্য কারো সাথে প্রতিবার যৌনমিলনের সময় সঠিকভাবে কনডম ব্যবহার করুন
- যৌনরোগ থাকলে আপনার ও সঙ্গীর দ্রুত চিকিৎসা করুন
- সেবাদানকারীর পরামর্শ অনুযায়ী পুরো মেয়াদের ওষুধ সেবন করুন
- মাসিকের সময় পরিষ্কার পরিচ্ছন্ন থাকুন
- প্রসবের সময় প্রশিক্ষণপ্রাপ্ত সেবাদানকারীর সাহায্য নিন
- প্রাথমিক অবস্থায় এসব রোগের লক্ষণ দেখা নাও যেতে পারে, তাই কোনো সন্দেহ হলেই সেবাদানকারীর পরামর্শ নিন
- একবার ব্যবহার করা যায় এমন জীবাণুমুক্ত সূঁচ বা সিরিঞ্জ ব্যবহার করুন
- জীবাণুমুক্ত রক্ত গ্রহণ করুন

প্রজননতন্ত্রের রোগ নির্ণয়, পরামর্শ ও চিকিৎসার জন্য

সূর্যের হাসি চিহ্নিত

পারিবারিক স্বাস্থ্য ক্লিনিকে আসুন

ক্লিনিকের অন্যান্য সেবাসমূহ

শিশুর স্বাস্থ্য

গর্ভ, প্রসব ও প্রসব পরবর্তী মায়ের সেবা

পরিবার পরিকল্পনা পদ্ধতি

এইচআইভি/এইডস এর জন্য পরামর্শ ও সেবা

কিশোরী ও মহিলাদের টিটি

সবার জন্য সাধারণ রোগের চিকিৎসা এবং স্বাস্থ্য বিষয়ে পরামর্শ



প্রজননতন্ত্রের সংক্রমণ



যৌনবাহিত রোগসহ

প্রজননতন্ত্রের যে কোন সংক্রমণ হলে
অবহেলা না করে দ্রুত চিকিৎসা নিন



USAID
আমেরিকার জনসংখ্যার লক্ষ্য থেকে

প্রজননতন্ত্রের সংক্রমণ

প্রজননতন্ত্রের সংক্রমণ বলতে প্রজননতন্ত্রের সব ধরনের সংক্রমণকে বোঝায়। এর মধ্যে রয়েছে যৌনবাহিত রোগ এবং প্রজননতন্ত্রের অন্যান্য সংক্রমণ।

যৌনবাহিত রোগ

যৌনমিলনের মাধ্যমে যে সব সংক্রমণ বা রোগ হয় তাকে যৌনবাহিত রোগ বা যৌন সংক্রমণ বলে। যেমন - সифিলিস, গনোরিয়া, এইচআইভি, হারপিস ইত্যাদি।

প্রজননতন্ত্রের সংক্রমণ যেভাবে ছড়ায়

- আক্রান্ত ব্যক্তির সাথে কনডম ছাড়া যৌনমিলনের মাধ্যমে
- একবার ব্যবহার করা যায় এমন জীবাণুমুক্ত সূঁচ বা সিরিঞ্জ ব্যবহার না করলে
- আক্রান্ত ব্যক্তির রক্ত শরীরে গ্রহণ করলে
- আক্রান্ত গর্ভবতী মা থেকে সন্তানের মাঝে



প্রজননতন্ত্রের সংক্রমণের অন্যান্য কারণ

- মাসিকের সময় পরিষ্কার কাপড় ব্যবহার না করলে
- ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় না রাখলে
- প্রসব বা গর্ভপাতের সময় নিরাপদ ব্যবস্থা গ্রহণ না করলে

প্রজননতন্ত্রের সংক্রমণের লক্ষণসমূহ

মহিলাদের

- যোনিপথে দুর্গন্ধযুক্ত স্রাব
- যোনিপথে পুঁজ বা ঘন দই-এর মত স্রাব
- যোনিপথে চুলকানি ও জ্বালাপোড়া
- সহবাসের সময় ব্যথা হওয়া
- তলপেটে ব্যথা বা চাকা অনুভব করা
- যৌনাঙ্গে ঘা
- কুচকি ফুলে যাওয়া বা ব্যথা হওয়া
- কোনো কোনো ক্ষেত্রে জ্বর হওয়া

পুরুষদের

- প্রস্রাবের রাস্তা দিয়ে পুঁজ বের হওয়া
- ঘনঘন প্রস্রাব হওয়া
- প্রস্রাবে জ্বালাপোড়া ও ব্যথা হওয়া
- যৌনাঙ্গে ঘা বা ক্ষত হওয়া
- অভ্যন্তরে ব্যথা হওয়া ও ফুলে যাওয়া
- কুচকি ফুলে যাওয়া ও ব্যথা হওয়া
- কোনো কোনো ক্ষেত্রে জ্বর হওয়া

নবজাতকের

- চোখে পুঁজ জমা
- চোখের পাতা খুলতে না পারা

প্রজননতন্ত্রের সংক্রমণের সম্ভাব্য জটিলতা

- পুরুষ ও মহিলা উভয়ের সন্তান জন্ম দেয়ার ক্ষমতা নষ্ট হয়ে যেতে পারে
- গর্ভাবস্থায় বিভিন্ন জটিলতা দেখা দিতে পারে
- মৃত সন্তান প্রসব করার সম্ভাবনা দেখা দিতে পারে
- আপনা আপনি গর্ভপাত হতে পারে
- জরায়ুর মুখে ক্যান্সারের সম্ভাবনা বেড়ে যেতে পারে
- এইডস হবার ঝুঁকি বেড়ে যেতে পারে